

বিজ্ঞপ্তি

এতদ্বারা সকল নাগরিকের অবগতির জন্য জানানো যাইতেছে যে মোহনপুর মহকুমার অন্তর্গত সিমনার ব্রহ্মকুন্ডে অশোকাষ্টমী তিথি উপলক্ষ্যে ৩ (তিন) দিন ব্যাপী ব্রহ্মকুন্ড মেলা ও প্রদর্শনী ২০২৬ (২৫-২৭ মার্চ ২০২৬ইং) অনুষ্ঠিত হইবে। এ উপলক্ষ্যে মেলা প্রাপ্ত দোকান খোলার জন্য অস্থায়ী ভিটি পাওয়ার আবেদনপত্র নিম্নলিখিত সূচি ও শর্তানুসারে গ্রহন করা হইবে।

অস্থায়ী দোকান ভিটির আবেদনপত্র জমা দেওয়ার সূচি এবং শর্তাবলি -

আগামী ১৯/০৩/২০২৬ইং হইতে ২০/০৩/২০২৬ইং পর্যন্ত সকাল ১০ টা থেকে সন্ধ্যা ৫.৩০ মিনিট পর্যন্ত দোকান ভিটির আবেদনপত্র জমা দেওয়ার ও কূপন সংগ্রহের জন্য মোহনপুর ব্লকের ব্রহ্মকুন্ড গ্রাম পঞ্চায়েত কার্যালয়ে কাউন্টার খোলা হবে। ২১শে মার্চ ২০২৬ইং হইতে ২২মার্চ ২০২৬ইং অস্থায়ী দোকান ভিটি বন্টন করা হইবে।

- ১) অস্থায়ী দোকান ভিটি পাওয়ার জন্য আবেদনকারীকে আবেদনপত্রের সাথে ১০/- টাকা দিয়ে সঙ্গে সচিত্র পরিচয় পত্র হিসাবে ভোটার আই ডি কার্ড বা আধার কার্ড জমা দিতে হবে।
- ২) ভিটি প্রাপ্ত কেবলমাত্র সংশ্লিষ্ট আবেদনকারীর ব্যবহার করিতে পারিবেন। কোন ভাবেই অন্য কোন ব্যক্তির নিকট হস্তান্তর করিতে পরিবে না। যদি কোন ব্যক্তি অন্য কাউকে দোকান ভিটি হস্তান্তর করিয়া থাকেন সেক্ষেত্রে সংশ্লিষ্ট ভিটির বন্দোবস্ত বাতিল বলে গণ্য হইবে এবং ভিটি মেলা কর্তৃপক্ষের অধীনে চলিয়া আসবে এবং মেলা কমিটি লটারীর মাধ্যমে নতুন কাউকে এই ভিটি পুনঃ বন্টন করিবে। এবং এক্ষেত্রে প্রদেয় টাকা ফেরত দেওয়া হইবে না।
- ৩) দোকান ভিটি বন্টন করা হবে আগামী ২১শে মার্চ ২০২৬ইং হইতে ২২মার্চ ২০২৬ইং সকাল ১০.০০ ঘটিকায় ব্রহ্মকুন্ড গ্রাম পঞ্চায়েত অফিস প্রাপ্ত। ঐ দিনই ভিটি প্রাপকগন দোকান ভিটির ভাড়া কমিটির নিকট প্রদান করিবেন। যদি ঐদিনই বিকাল ৫.৩০ মিনিটের মধ্যে অস্থায়ী ভিটির ভাড়ার টাকা প্রদান না করা হয় তাহলে সংশ্লিষ্ট ভিটি লটারীর স্টল পুনঃ বন্টন করা হবে।
- ৪) কমিটির নিকট দোকান ভিটির ভাড়ার টাকা জমা দেওয়ার পর কমিটি যে রসিদ করিবেন সেই রসিদ ভিটি বিলি কমিটির নিকট প্রদান করিয়া ২৪/০৩/২০২৬ দুপুর ১২ টার মধ্যে দোকান ভিটি বুঝিয়া নিতে হইবে।
- ৫) দোকান ভিটি তৈরী, বিদ্যুৎ সংযোগ ইত্যাদি ভিটি প্রাপক নিজেরাই করিবেন এবং নিজ খরচে ইহাতে মেলা কমিটির কোন দায় দায়িত্ব থাকিবে না।
- ৬) ব্রহ্মকুন্ড মেলার স্থান অনুযায়ী অস্থায়ী দোকান ভিটির সংখ্যা ক্ষেত্রফল (বর্গফুট অনুসারে) কার্যকৃত হয় এর বিবরণ নিম্নে দেওয়া হইল -

ক্রমিক নং	দোকানের বিবরণ	ভিটি সংখ্যা	ভিটির পরিমাপ ও পর্যাকৃত ভাড়ার হার
১	হোটেল	৮	৩০" X ২০" টাকা. ১২/- প্রতি বর্গ ফুট
২	রেস্টুরেন্ট	৩৫	১৫" X ২০" টাকা. ১২/- প্রতি বর্গ ফুট
৩	শুটকী, মাছ, মাংস	২৫	১০" X ১০" টাকা. ১২/- প্রতি বর্গ ফুট
৪	বাঁশ, পিতল	৪০	১৫" X ১০" টাকা. ১২/- প্রতি বর্গ ফুট
৫	স্টেশনারী খেলনা ও শাখা	১৫০	১০" X ১০" টাকা. ১২/- প্রতি বর্গ ফুট
৬	কাপড়	১০০	১০" X ১০" টাকা. ১২/- প্রতি বর্গ ফুট
৭	জুতা	১০	১০" X ১০" টাকা. ১২/- প্রতি বর্গ ফুট
৮	বুট, বাদাম, শুকনো খাবার ও জিলিপি, মিষ্টি	৫০	১৫" X ১০" টাকা. ১২/- প্রতি বর্গ ফুট
৯	আসবাব ও মাটির জিনিস	১৫	২০" X ১৫" টাকা. ১২/- প্রতি বর্গ ফুট
১০	মাছ ধরার জাল, পান দোকান	১০	১০" X ৬" টাকা. ১২/- প্রতি বর্গ ফুট
১১	আচার	৩	২০" X ১৫" টাকা. ১২/- প্রতি বর্গ ফুট
১২	ফল	৫	১০" X ১০" টাকা. ১২/- প্রতি বর্গ ফুট
১৩	অন্যান্য দোকান (সিমনা-আগরতলা রাস্তার উভয় দিকে)	৫০	১৫" X ১০" টাকা. ১২/- প্রতি বর্গ ফুট
১৪	সজি	শেড	টাকা. ৫/- প্রতি বর্গ ফুট

যোগাযোগ :- ৯৩৬৬ ১৬৫৬৮৮

৯৩৬৬৮০৮৯২৫

১০৮/০/২১৩৪/২৬

ধৃতি শেখর রায়

মহকুমা শাসক, মোহনপুর, পশ্চিম ত্রিপুরা
আহ্বায়ক, ব্রহ্মকুন্ড মেলা কমিটি - ২০২৬